

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০২০.১৯.২৫৬


তারিখ: ০৮ কার্তিক ১৪২৬ ব.  
২৪ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়: (i) Negotiation Skills and English Proficiency Course, (ii) Policy Formulation: e-Governance & ICT Course ও (iii) Governance, Financial Management & Public Procurement Course এ কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিয়াম ফাউন্ডেশনের ‘Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses’ শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় সরকারি কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃক্ষির লক্ষ্যে (i) Negotiation Skills and English Proficiency Course ও (ii) Policy Formulation: e-Governance & ICT Course এর দুটি করে মোট ০৪টি ব্যাচ নভেম্বর ২০১৯ হতে পর্যায়ক্রমে শুরু হবে। পাশাপাশি Governance, Financial Management & Public Procurement Course এর তৃতীয় ব্যাচ অনুষ্ঠিত হবে। বর্ণিত প্রশিক্ষণে সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিব পর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। কোর্সের মেয়াদ ৩০ দিন। প্রথম ১৫ দিন অভ্যন্তরীণ প্রশিক্ষণ (আবাসিক) বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় এবং অবশিষ্ট ১৫ দিন (যাতায়াতসহ) বিদেশে অনুষ্ঠিত হবে। তবে অভ্যন্তরীণ প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করতে হবে।

০১। উল্লেখ্য, ইতৎপূর্বে যে সকল কর্মকর্তা বর্ণিত বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ বা উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন বা বর্ণিত প্রকল্পের আওতায় কোনো প্রশিক্ষণ গ্রহণ করেছেন, এ বছরে এনডিসি কোর্সের জন্য মনোনীত হয়েছেন এবং এ অর্থবছরে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি অন্যান্য কোর্সে অংশগ্রহণ করবেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া, আগামী ১৩ নভেম্বর ২০১৯ তারিখ হতে অতিরিক্ত সচিবদের ০১ বছর ০৬ মাস, যুগ্মসচিদের ০৩ বছর ও উপসচিবদের ন্যূনতম ০৬ বছর চাকরি থাকতে হবে। একজন কর্মকর্তা যে কোনো একটি বিষয়ে আবেদন করতে পারবেন।

০২। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাগণ আগামী ১৩ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় { দৃ. আ. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses শীর্ষক প্রকল্প, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইন্ডিপেন্ডেন্স, ঢাকা } বরাবর নির্ধারিত ফরমে (সংযুক্ত) আবেদন করতে পারবেন।

  
(মো. আনোয়ারুল ইসলাম সরকার)  
উপসচিব

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses শীর্ষক প্রকল্প, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা। ফোন: ৯৬০৪৮৩৫৪।

## আবেদন ফরম

বরাবর

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণ: প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

Strengthening Institutional Capacity of BIAM

for Conducting Core Courses শীর্ষক প্রকল্প

বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইন্ডিপেন্ডেন্স, ঢাকা

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: ..... প্রশিক্ষণ কোর্সে মনোনয়নের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি বিয়াম ফাউন্ডেশনের 'Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বিষয়ে উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম ও পরিচিতি নম্বর	:	
০২।	পদবি ও কর্মস্থল	:	
০৩।	জন্ম তারিখ	:	
০৪।	বয়স (১৩/১১/২০১৯ তারিখে)		
০৫।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৬।	অবসর গ্রহণের তারিখ	:	
০৭।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৮।	উপসচিব পদে পদোন্নতির তারিখ	:	
০৯।	ইতঃপূর্বে সম্পর্কীয় বৈদেশিক প্রশিক্ষণ ও ডিপ্লিগ্রি বিবরণ	:	
১০।	মোবাইল নম্বর	:	
১১।	ইমেইল নম্বর	:	

০২। এমতাবস্থায়, আমাকে উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করছি।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর